



Phone : (202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

PRESS RELEASE

30 October 2013

Bangladesh Embassy hosts "Embassy Night" today.

Bangladesh Embassy in Washington DC hosted 'Embassy Night' at its Bangabandhu Auditorium today. First of its kind, the event was organized in cooperation with the National Press Club of Washington DC. Prominent US and international journalists based in Washington DC including the Vice President of National Press Club attended the event.

Ambassador of Bangladesh to the USA Akramul Qader presented the key-note speech which was followed by a Q&A session. In his key-note speech, Ambassador Qader highlighted the political and socio-economic achievements of Bangladesh in the four decades of its existence as a sovereign nation; achievements which not only disproved the apprehensions by some quarters about Bangladesh's fragile future, but also proved with conviction that, the democratic values of the nation has taken the country into a new height where Bangladesh is seen as a role model for the developing world. Quoting the Nobel laureate economist Amartya Sen, the Ambassador said, the achievements of Bangladesh are characterized by a balanced blend of sustained economic growth and persistent human development. The Ambassador attributed part of this success to the country's conscious and vibrant civil society, the most of which is represented by free and responsible media.

Ambassador Qader explained the circumstances that lead to the trial of war criminals after 42 years of independence. Apart from fulfilling its electoral pledge, this Government initiated the trial process with the ultimate objective of establishing justice in the society by putting an end to the culture of impunity, the Ambassador added. With regards to the procedure, Ambassador Qader explained in detail, how the Tribunals have maintained transparency, fairness and due international standard in the whole process. Delving into the issue of upcoming general election, Ambassador then narrated to the audience about Prime Minister Sheikh Hasina's relentless efforts to break the political impasse by bringing the opposition into dialogue. However, he regretted that, the opposition has not only thwarted Prime Minister's sincere initiatives, they have created an environment of anarchy by calling back-to-back shutdowns and blockades all over the country.

With regards to the bilateral relations between Bangladesh and USA, Ambassador Qader termed the relationship as of 'partnership' and emphasized that by recognizing each other's strength, the countries can benefit mutually. He took this opportunity to bring to the

notice of US journalists whether suspending GSP facilities of Bangladesh, a country which pays more than USD 750 million worth tariff to the US Government, was at all justified.

After the speech, Ambassador Qader responded to the queries of the journalists. In answer to the questions, he enlightened the journalists about the history and development of Grameen Bank and Government's contribution in its growth, Government's investment and initiative to address climate change through mitigation and scientific research and various steps taken by the Government to uproot radicalism and terrorism from the society,

Mr. Mayron Belkind, the Vice-President of NPC who spoke on behalf of the attendee journalists, thanked Bangladesh Embassy for organizing the event. Press Minister of Bangladesh Embassy, Mr. Swapan Kumar Saha presented the vote of thanks.

At the end of the programme, the guests were served with authentic Bangladeshi cuisine.

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail bdoot_pwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone : (202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

৩০ অক্টোবর ২০১৩

বাংলাদেশ দূতাবাসে "এস্বাসি নাইট" অনুষ্ঠিত

ওয়াশিংটনস্থ জাতীয় প্রেস ক্লাবের সহযোগিতায় বাংলাদেশ দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে আজ প্রথমবারের মত "এস্বাসি নাইট" আয়োজন করা হয়। জাতীয় প্রেস ক্লাবের ভাইস প্রেসিডেন্টসহ যুক্তরাষ্ট্রের এবং আন্তর্জাতিক গনমাধ্যমের খ্যাতনামা সাংবাদিক ও সংবাদকর্মীগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের অনুষ্ঠানে মূল বক্তব্য উপস্থাপন করেন।

আগত অতিথিগণকে স্বাগত জানিয়ে জনাব আকরামুল কাদের তাঁর বক্তব্যে বাংলাদেশের স্বাধীনতা পরবর্তী অগ্রযাত্রার চিত্র তুলে ধরেন। তিনি বলেন, বিগত চার দশকে বাংলাদেশ রাজনৈতিক ও আর্থসামাজিক ক্ষেত্রে যে অভাবনীয় সাফল্য অর্জন করেছে তা কেবল স্বাধীনতা পরবর্তীকালে বাংলাদেশের ভঙ্গুর ভবিষ্যৎ নিয়ে কতিপয় মহলের অমূলক আশঙ্কাকেই মিথ্যা প্রমাণ করেনি, বরং বাংলাদেশ-কে এক অনন্য উচ্চতায় পৌঁছে দিয়েছে, যেখানে আজ বাংলাদেশকে উন্নয়নশীল বিশ্বের জন্য একটি 'রোল মডেল' হিসেবে গন্য করা হয়। নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেনের উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, অন্যান্য উদীয়মান দেশসমূহের সাথে বাংলাদেশের উন্নয়নের তফাত হল, বাংলাদেশ টেকসই অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি মানব উন্নয়নের ক্ষেত্রেও একটি ধারাবাহিক অগ্রযাত্রা অব্যাহত রেখেছে। জনাব কাদের গণতন্ত্রের পথে এবং অর্থনৈতিক ক্ষেত্রে বাংলাদেশের এই সাফল্যের পেছনে দেশটির সচেতন সুশীল সমাজ, প্রধানত স্বাধীন

গনমাধ্যমের অবদানের কথা স্বীকার করে বলেন, মত প্রকাশের স্বাধীনতা ও জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণে বর্তমান সরকার যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে।

রাষ্ট্রদূত কাদের এসময় স্বাধীনতার ৪২ বছর পর যুদ্ধাপরাধীদের বিচার প্রক্রিয়া শুরু প্রসঙ্গে বলেন, এটি কেবল আওয়ামী লীগ-এর নির্বাচনী প্রতিশ্রুতি নয়, বরং দণ্ডমুক্তির সংস্কৃতির অবসান ঘটিয়ে সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠাই এর মূল লক্ষ্য। তিনি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিধিসমূহের বিবরণ দিয়ে বলেন, বিচার প্রক্রিয়া যেন স্বচ্ছ, ন্যায়সঙ্গত এবং আন্তর্জাতিক মানসম্মত হয়, তা যথাযথভাবে নিশ্চিত করা হয়েছে। রাষ্ট্রদূত এরপর বাংলাদেশের আসন্ন নির্বাচন নিয়ে চলমান অচলাবস্থা এবং তা নিরসনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিরন্তর ও আন্তরিক উদ্যোগসমূহের বিষয়ে আলোকপাত করেন। তিনি এসময় জানান, মাননীয় প্রধানমন্ত্রী বিরোধীদলকে বারংবার সংলাপ-এর জন্য আমন্ত্রণ জানানো সত্ত্বেও দুঃখজনক ভাবে বিরোধীদল তা প্রত্যাখ্যান করে আসছে এবং সংলাপে অংশ না নিয়ে তাঁরা ক্রমাগত হরতাল ও অবরোধ কর্মসূচী দিয়ে দেশে বিশৃঙ্খলা সৃষ্টি করে যাচ্ছে।

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের দ্বিপাক্ষিক সম্পর্কে-কে 'অংশিদারিত্বের' সম্পর্ক হিসেবে চিহ্নিত করে রাষ্ট্রদূত কাদের বলেন, উভয় রাষ্ট্রই একে অপরের প্রয়োজন ও দক্ষতাকে কাজে লাগিয়ে অর্থনৈতিক ও অন্যান্য ক্ষেত্রে পারস্পরিকভাবে লাভবান হতে পারে। যুক্তরাষ্ট্র এবং বাংলাদেশের মধ্যকার বানিজ্য সম্পর্ক বিষয়ে জনাব কাদের বলেন, যেখানে বাংলাদেশ যুক্তরাষ্ট্র সরকারকে প্রতিবছর প্রায় ৭৫০ মিলিয়ন ডলার রপ্তানি শুল্ক প্রদান করে থাকে সেখানে বাংলাদেশকে জি এস পি সুবিধা থেকে বঞ্চিত করা কতটা যুক্তিযুক্ত তা নিশ্চয়ই আলোচনার অবকাশ রাখে। বক্তব্য শেষে রাষ্ট্রদূত কাদের আগত অতিথিগণের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। প্রশ্নোত্তর পর্বে জনাব কাদের গ্রামীণ ব্যাংক এর ইতিহাস এবং এর সাফল্যে বাংলাদেশ সরকারের অবদান, জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বাংলাদেশের প্রস্তুতি এবং সন্ত্রাস ও ধর্মীয় মৌলবাদের মূলোৎপাটনে সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন।

জাতীয় প্রেস ক্লাবের ভাইস প্রেসিডেন্ট জনাব মায়রন বেলকাইন্ড তাঁর বক্তব্যে রাষ্ট্রদূত কাদের কে তার বক্তব্যের জন্য ধন্যবাদ জানান। প্রেস ক্লাব এর প্রস্তাবে সাড়া দিয়ে এ 'এম্বাসি নাইট' আয়োজন করার জন্য তিনি বাংলাদেশ দূতাবাসের প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অনুষ্ঠান শেষে সকলকে আনুষ্ঠানিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন বাংলাদেশ দূতাবাসের প্রেস মিনিস্টার জনাব স্বপন কুমার সাহা।

অনুষ্ঠান শেষে অতিথিগণ কে বাংলাদেশের ঐতিহ্যবাহী খাবার দিয়ে আপ্যায়ন করা হয়।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি, ফোনঃ ২০২-২৪৪-৫০৭১,
ফ্যাক্সঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইলঃ bdoot_pwash@yahoo.com